বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা
www.brdb.gov.bd

নম্বর-৪৭.৬২.০০০০.২১০.১৮.১৩১.১৫.১৫১৩

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২ / ০১ মার্চ ২০২৬

**অফিস আদেশ**

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতাধীন বিভাগীয় দপ্তর, জেলা দপ্তর ও উপজেলা দপ্তরে বিভিন্ন পণ্য, কার্য ও ভৌত সেবা ক্রয়/সংগ্রহ/মেরামতের লক্ষ্যে পিপিআর, ২০২৫ এর বিধি-১১(১), তফসিল-২ মোতাবেক স্থানীয় কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে নিম্নরূপ তিনটি দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করা হলো।

(ক) বিভাগীয় দপ্তরের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি:

| ক্র.নং | বিভাগীয় দপ্তরের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি | কমিটিতে পদবি |
|---|---|---|
| ১. | যুগ্মপরিচালক, সংশ্লিষ্ট বিভাগ | সভাপতি |
| ২. | সরকারি দপ্তরের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩. | আইটি মালামাল ক্রয়ের ক্ষেত্রে আইটি বিষয়ে অভিজ্ঞ সরকারি দপ্তরের একজন প্রতিনিধি/যানবাহন মেরামতের ক্ষেত্রে বিআরটিএ'র একজন প্রতিনিধি/অন্যান্য ক্রয়ের ক্ষেত্রে উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিভাগের আওতাধীন যে কোন উপজেলা) | সদস্য |
| ৫. | উপপরিচালক, বিআরডিবি (বিভাগীয় সদর জেলা) | সদস্য সচিব |

প্রস্তাবিত কমিটির কর্মপরিধি (টিওআর):

- বিভাগীয় দপ্তরের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০২৫ অনুসরণপূর্বক ৬০,০০০.০০ (ষাট হাজার) টাকার অধিক ক্রয়ের জন্য সুপারিশ করবেন।
- বিভাগীয় দপ্তরের জন্য ৬০,০০০.০০ (ষাট হাজার) টাকার উর্ধ্বে ক্রয়ের ক্ষেত্রে কমিটির সুপারিশ মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।
- প্রাপ্ত সুপারিশসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে মহাপরিচালক মহোদয়ের পক্ষে ৬০,০০১.০০ (ষাট হাজার এক) টাকা হতে ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকার ক্রয় পরিচালক (প্রশাসন) অনুমোদন করবেন।
- ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকার উর্ধ্বে ক্রয়ের ক্ষেত্রে মহাপরিচালক মহোদয় অনুমোদন করবেন।
- যানবাহন মেরামতের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা (পরিচালন) ২০২৬ অনুসরণপূর্বক ক্রয় কার্য সম্পন্ন করতে হবে।

(খ) জেলা দপ্তরের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি:

| ক্র.নং | জেলা দপ্তরের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি | কমিটিতে পদবি |
|---|---|---|
| ১. | উপপরিচালক/উপপ্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট জেলা | সভাপতি |
| ২. | সরকারি দপ্তরের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩. | আইটি মালামাল ক্রয়ের ক্ষেত্রে আইটি বিষয়ে অভিজ্ঞ সরকারি দপ্তরের একজন প্রতিনিধি/যানবাহন মেরামতের ক্ষেত্রে বিআরটিএ'র একজন প্রতিনিধি/অন্যান্য ক্রয়ের ক্ষেত্রে উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (জেলার আওতাধীন যে কোন উপজেলা) | সদস্য |
| ৫. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সদর উপজেলা, সংশ্লিষ্ট জেলা | সদস্য সচিব |

প্রস্তাবিত কমিটির কর্মপরিধি (টিওআর):

- জেলা দপ্তরের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০২৫ অনুসরণপূর্বক ৬০,০০০.০০ (ষাট হাজার) টাকার অধিক ক্রয়ের জন্য সুপারিশ করবেন।
- জেলা দপ্তরের জন্য ৬০,০০০.০০ (ষাট হাজার) টাকার উর্ধ্বে ক্রয়ের ক্ষেত্রে কমিটির সুপারিশ মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।
- প্রাপ্ত সুপারিশসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে মহাপরিচালক মহোদয়ের পক্ষে ৬০,০০১.০০ (ষাট হাজার এক) টাকা হতে ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকা যুগ্মপরিচালক (প্রশাসন) এবং ৩,০০,০০১.০০ (তিন লক্ষ এক) টাকা হতে ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকার ক্রয় পরিচালক (প্রশাসন) অনুমোদন করবেন।
- ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকার উর্ধ্বে ক্রয়ের ক্ষেত্রে মহাপরিচালক মহোদয় অনুমোদন করবেন।
- যানবাহন মেরামতের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা (পরিচালন) ২০২৬ অনুসরণপূর্বক ক্রয় কার্য সম্পন্ন করতে হবে।

চলমান পাতা

(গ) উপজেলা দপ্তরের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি:

| ক্র.নং | উপজেলা দপ্তরের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি | কমিটিতে পদবি |
|---|---|---|
| ১. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা | সভাপতি |
| ২. | সরকারি দপ্তরের দুই জন প্রতিনিধি | সদস্য |
| ৩. | আইটি মালামাল ক্রয়ের ক্ষেত্রে আইটি বিষয়ে অভিজ্ঞ সরকারি দপ্তরের একজন প্রতিনিধি/যানবাহন মেরামতের ক্ষেত্রে বিআরটিএ'র একজন প্রতিনিধি/অন্যান্য ক্রয়ের ক্ষেত্রে উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৪. | সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা | সদস্য সচিব |

কমিটির কর্মপরিধি (টিওআর):

- উপজেলা দপ্তরের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি কমিটি পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০২৫ অনুসরণপূর্বক ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকার অধিক ক্রয়ের জন্য সুপারিশ করবেন।
- কমিটির সুপারিশ সংশ্লিষ্ট জেলার উপপরিচালক অনুমোদন করবেন।
- যানবাহন মেরামতের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা (পরিচালন) ২০২৬ অনুসরণপূর্বক ক্রয় কার্য সম্পন্ন করতে হবে।
- ইউসিসিএ'র স্থাবর-অস্থাবর সম্পদ ব্যবহার করে বড় ধরনের ক্রয়কার্য এ কমিটির আওতাভুক্ত হবে না।

০২। কমিটি বিশেষ প্রয়োজনে সংশ্লিষ্ট এক বা একাধিক স্থানীয় কর্মকর্তাকে কো-অপ্ট করতে পারবে। বর্ণিত কমিটির সদস্যগণ পিপিআর, ২০২৫ এর বিধি-১৯, তফসিল-২ অনুযায়ী প্রতি সভায় অংশগ্রহণের জন্য নির্ধারিত হারে সম্মানী ভাতা প্রাপ্য হবেন। যানবাহন মেরামতের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা (পরিচালন) ২০২৬ অনুসরণপূর্বক ক্রয় কার্য সম্পন্ন করতে হবে।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে। এ বিষয়ে ইতোপূর্বে জারিকৃত সকল আদেশ বাতিল করা হলো।

০১/০৩/২৬

মোঃ তাজ-উল ইসলাম
যুগ্মপরিচালক (প্রশাসন)
ফোনঃ ০২-৪১০১০৩২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

নম্বর-৪৭.৬২.০০০০.২১০.১৮.১৩১.১৫.১৫১৩

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২ / ০১ মার্চ ২০২৬

১. পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/পরিকল্পনা/প্রশিক্ষণ/বিআরডিটিআই), বিআরডিবি, ঢাকা/সিলেট।
২. যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
৩. যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, বিভাগীয় দপ্তর।
৪. প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক/নির্বাহী পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা/রংপুর/ফরিদপুর/কুড়িগ্রাম।
৫. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. উপপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা/সকল জেলা।
৭. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি----------------------উপজেলা-----------------------জেলা।
৮. অফিস কপি।

02/03/2026

সৈয়দ শাহ্ মোহাম্মদ আরিফ আসদাক
উপপরিচালক (প্রশাসন-২)
ফোন: ০২-৫৫০১১৭৩৬
E-mail:ddadmn2@brdb.gov.bd